গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
রাজস্ব শাখা(এসএ) শাখা
www.noakhali.gov.bd

স্মারক নং ০৫.৪২.৭৫০০.০২২.০৬.০০৭.২৫-৬২২

তারিখঃ ০২জুন ২০২৫ খ্রি

## ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ঢাকা এর ০১ জুন ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩- ২৬৪ নম্বর স্মারকে "ভূমি সেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫" অনুযায়ী নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের মাধ্যমে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা সহায়তা প্রদানের লক্ষ্যে ০৯ (নয়) উপজেলার ১১ (এগার) টি স্পটে অনুমতিপত্র গ্রহণে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। www.noakhali.gov.bd এর নোটিশ বোর্ড হতে প্রাপ্ত আবেদনপত্র ডাউনলোডপূর্বক কম্পিউটার কম্পোজকৃত আবেদনপত্র ও আবেদনের সাথে নিম্নে উল্লিখিত সকল কাগজাদির সফট কপি আপলোড করতে হবে এবং উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে তা প্রদর্শন করতে হবে। আগ্রহী ব্যক্তিদের ০৪/০৬/২০২৫ তারিখ হতে ১৮/০৬/২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন উল্লিখিত ই-মেইলে rdcnoakhali2025@gmail.com অথবা adcrnoakhali@mopa.gov.bd তে আবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো। তবে, হার্ডকপিতে আবেদন দাখিল করা হলে সকল কাগজাদির ফটোকপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

| ক্রঃ নং | উপজেলার নাম | যে প্রতিষ্ঠানের জন্য প্রযোজ) (সংখ্যায়) | | | সেবার নাম |
|---|---|---|---|---|---|
| | | ইউনয়নের নাম | ভূমি অফিসের নাম | সেবাদান কেন্দ্রের স্থান | |
| ০১ | নোয়াখালী সদর | ধর্মপুর | হায়দার মিয়ারহাট ইউঃ ভূমি অফিস নোয়াখালী সদর, নোয়াখালী | বাংলাবাজার | এলএসএফসি |
| ০২ | নোয়াখালী সদর | আন্ডার চর | লোহাচুরা ইউনিয়ন ভূমি অফিস নোয়াখালী সদর, নোয়াখালী | শান্তিরহাট | |
| ০৩ | বেগমগঞ্জ | কাদিরপুর | হরিণবিবি ইউনিয়ন ভূমি অফিস বেগমগঞ্জ, নোয়াখালী | হরিণবিবি বাজার | |
| ০৪ | বেগমগঞ্জ | আমানুল্লাহপুর | মানিকানগর ইউনিয়ন ভূমি অফিস বেগমগঞ্জ, নোয়াখালী | আমানুল্লাপুর বাজার | |
| ০৫ | সোনাইমুড়ী | আমিশাপাড়া | আমিশাপাড়া ইউনিয়ন ভূমি অফিস সোনাইমুড়ী, নোয়াখালী | আমিশাপাড়া বাজার | |
| ০৬ | চাটখিল | বদলকোট | বদলকোট ইউনিয়ন ভূমি অফিস চাটখিল, নোয়াখালী | বদলকোট বাজার | |
| ০৭ | সেনবাগ | ছাতারপাইয়া | ছাতারপাইয়া ইউনিয়ন ভূমি অফিস সেনবাগ, নোয়াখালী | ছাতারপাইয়া বাজার | |
| ০৮ | কোম্পানীগঞ্জ | চরএলাহী | চরএলাহী ইউনিয়ন ভূমি অফিস কোম্পানীগঞ্জ, নোয়াখালী | চরএলাহী বাজার | |
| ০৯ | কবিরহাট | ধানসিঁড়ি | নলুয়া ইউনিয়ন ভূমি অফিস কবিরহাট, নোয়াখালী | কালামুন্সি বাজার | |
| ১০ | সুবর্ণচর | চরজুবলী | চরজুবলী ইউনিয়ন ভূমি অফিস সুবর্ণচর, নোয়াখালী | চরজব্বর থানার মোড় | |
| ১১ | হাতিয়া | চরঈশ্বর | উপজেলা ভূমি অফিস হাতিয়া, নোয়াখালী | ওছখালী বাজার | |

**অনুমতিপত্র প্রাপ্তির ক্ষেত্রে আবেদনকারীর যোগ্যতা:**

১. আবেদনকারীকে ন্যূনতম কম্পিউটার মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে;

২. কেন্দ্রের মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে। তবে শর্ত ১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে;

৩. এই নির্দেশিকার অধীন নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপন ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে;

৪. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে ন্যূনতম ২ বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা থাকতে হবে;

৫. কম্পিউটার মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার পাবে;

২. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনভাবেই ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত বা দন্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না;

৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে;

৮. এলাকা ভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদ ট্রেড লাইসেন্স আবশ্যিকভাবে থাকতে হবে;

৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;

২০. সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডি এর আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হব;

২১। সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীন নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা বিষয়ে সক্ষমতা থাকতে হবে;

১২. আবেদনকারীকে আবেদন ফরমে উল্লিখিত সকল কাগজাদি সংযুক্ত করতে হবে;

১৩. একটি অনুমতিপত্র দ্বারা একটির অধিক এলএসএফসি পরিচালনা করা যাবে না;

১৪. অনুমতিপত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নির্বাচিত সহায়তাকারী জেলা প্রশাসকের সাথে নির্ধারিত ফরমে একটি চুক্তিপত্র স্বাক্ষর করবেন; চুক্তি স্বাক্ষরের পূর্বে নির্বাচিত সহায়তাকারী কর্তৃক পৌর এলাকার জন্য ১,০০,০০০/- টাকা এবং ইউনিয়ন ও উপজেলা সদরের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে;

১৫. অনুমতিপত্রের মেয়াদ কর্তৃপক্ষের স্বাক্ষরের তারিখ হতে ০২ (দুই) বছর মেয়াদি হবে। তবে, জেলা প্রশাসক মেয়াদপূর্তির পূর্বে কারণ উল্লেখ করে, যে কোন সময় অনুমতিপত্র বাতিল করতে পারবেন;

১৬. ভূমি সহায়তা কেন্দ্রের অনুমতি, অনুমতিপত্রের মেয়াদ ও অবসায়ন, আবেদন বাবদ ফি ও নবায়ন বাবদ ফি, সহায়তাকারীর সেবা সহায়তা প্রদান বাবদ ফি, 'ভূমিসেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫ অনুযায়ী প্রতিপালিত হবে।

১৭. উপজেলা/পৌর/ইউনিয়ন ভূমি অফিস চত্বরে এলএসএফসি কেন্দ্র স্থাপন করা যাবে না;

১৮. নির্ধারিত ১৮/০৬/২০২৫ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না;

খন্দকার ইসতিয়াক আহমেদ
জেলা প্রশাসক
নোয়াখালী
মোবাঃ ০১৭১৩-১২১১৫৪
ই-মেইল: dcnoakhali@mopa.gov.bd

স্মারক নং ০৫.৪২.৭৫০০.০২২.০৬.০০৭.২৫-৬২২(৩৫) তারিখঃ ২ জুন ২০২৫ খ্রি

অনুলিপি সদয় জ্ঞাতার্থে। কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতা অনুসারে নয়)

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা:

০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা;

০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম;

০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী;

০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সাবিক/শিক্ষা ও আইসিটি/মানব সম্পদ ও উন্নয়ন) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নোয়াখালী;

০৬। উপজেলানির্বাহী অফিসার(সকল),নোয়াখালী (ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণ);

০৭। সহকারী কমিশনার(ভূমি)(সকল) , নোয়াখালী (ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণ);

০৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী ( বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রদর্শনের ব্যবস্থাকরণ):

০৯। জেলা সিনিয়র তথ্য কর্মকর্তা, নোয়াখালী ( বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)

১০। সম্পাদক, দৈনিক ................................., বিজ্ঞপ্তটি তাঁর পত্রিকায় আগামী ০৫ জুন ২০২৫ তারিখ এক দিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এবং পাঁচকপি পত্রিকা বিলসহ এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১১। অফিস কপি ;

২/৬/২০২৫

জেলা প্রশাসক
নোয়াখালী